গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলগঞ্জ, মৌলভীবাজার।
www.kamolganj.moulvibazar.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮৫৬.০০৪.০২.০২৬.২৪- ২০

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

## ১৪৩৩-১৪৩৫ বাংলা সনের জন্য জলমহাল ইজারার নিমিত্ত অনলাইন আবেদন আহবান

এতদ্বারা কমলগঞ্জ উপজেলার ২০ (বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্ন তফশীলভূক্ত জলমহাল/পুকুরসমূহ জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ১৪৩৩-১৪৩৫ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত মেয়াদের জন্য নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট ইজারা/বন্দোবস্ত প্রদানের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। কোন জলাশয়/পুকুরের জন্য মৎস্যজীবী সংগঠন পাওয়া না গেলে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ০৮ অগ্রহায়ণ, ১৪৩৩ (২৩ নভেম্বর, ২০২৫) তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫. (অংশ-২) ৭০৪ নং স্মারকের প্রকাশিত প্রজ্ঞাপনের সংশোধনী মতে পুকুর/জলাশয়ের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা (ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি/ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত সমিতি নির্ধারিত ফরমে ইজারা বন্দোবস্তের জন্য আবেদন করতে পারবে। আবেদনকারী সমিতিকে নিম্নোক্ত সিডিউল অনুযায়ী অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, ৫০০/- (পাঁচশত) টাকার আবেদন ফি বাবদ পে-অর্ডার ও জামানতের মূলকপি সীলগালা করে মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার-এ দাখিল করতে হবে। নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইট অথবা jm.lams.gov.bd লিংকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অনলাইন ব্যতিত কোন আবেদন সরাসরি গ্রহণযোগ্য হবে না।

### সিডিউল

| ক্র: নং: | কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| ০১ | অনলাইনে ইজারার আবেদন দাখিল | ০১ মাঘ ১৪৩২ হতে ১৫ মাঘ ১৪৩২ পর্যন্ত<br>১৫ জানুয়ারি ২০২৬ হতে ২৯ জানুয়ারি ২০২৬ এর মধ্যে |
| ০২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কমলগঞ্জ-এ দাখিল। | ১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ হতে ২০ মাঘ ১৪৩২ মধ্যে<br>০১ ফেব্রুয়ারি ২০২৬ হতে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ মধ্যে |

### ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্র: নং | জলমহালের নাম | মৌজা ও জে এল নং | পরিমাণ (একরে) | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | জগনশালা পুকুর | জগনশালা/১০ | ০.১৬ | ১০০০/- | |
| ২ | কাঠালতলী পুকুর | কাঠালতলী/১১ | ০.২৯ | ১০৫০/- | |
| ৩ | বৃন্দাবনপুর পুকুর(২) | বৃন্দাবনপুর/১২ | ০.৪৯ | ১০০০/- | |
| ৪ | চান্দপুর পুকুর | চান্দপুর/১৮ | ০.১৩ | ১০০০/- | |
| ৫ | পতনউষার পুকুর | পতনউষার/১৬ | ২.০৮ | ১০০০/- | |
| ৬ | মনসুরপুর পুকুর | মনসুরপুর/১৩ | ০.৩৯ | ১৫৭৫/- | |
| ৭ | রামপুর পুকুর | রামপুর পুকুর/৬৭ | ০.৪১ | ৩৭০৪/- | |
| ৮ | রাধানগর পুকুর | রাধানগর/৪৪ | ০.৩৪ | ১৫০০/- | |

| ক্র: নং | জলমহালের নাম | মৌজা ও জে এল নং | পরিমাণ (একরে) | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৯ | ছায়াখালি বিল | বাদে উবাহাটা/৬০ | ১৮.৮৭ | ৩৩০৭৫/- | |
| ১০ | তিলকপুর পুকুর(২) | তিলকপুর/৮৪ | ০.১৯ | ১০০০/- | |
| ১১ | তিলকপুর পুকুর(৩) | তিলকপুর/৮৪ | ১.১৩ | ১০৫০০/- | |
| ১২ | তিলকপুর পুকুর(৫) | তিলকপুর /৮৪ | ০.৮৬ | ৫৫৬৫/- | |
| ১৩ | তিলকপুর পুকুর(৬) | তিলকপুর /৮৪ | ০.৮০ | ৪৯০৭/- | |
| ১৪ | তিলকপুর পুকুর(৭) | তিলকপুর/৮৪ | ১.১৬ | ১০০০/- | |
| ১৫ | তিলকপুর পুকুর(৮) | তিলকপুর/৮৪ | ০.৬৭ | ১৫৭৫/- | |
| ১৬ | তিলকপুর পুকুর(৯) | তিলকপুর/৮৪ | ০.৭৫ | ৪৬৮৬/- | |
| ১৭ | তিলকপুর পুকুর(১২) | তিলকপুর/৮৪ | ৩.৭৮ | ১২৮৪৯/- | |
| ১৮ | তিলকপুর পুকুর(১৩) | তিলকপুর/৮৪ | ২.৭৫ | ৩০৭০/- | |
| ১৯ | তিলকপুর পুকুর(১৭) | তিলকপুর/৮৪ | ০.২২ | ১০৫০/- | |
| ২০ | তিলকপুর পুকুর(২১) | তিলকপুর/৮৪ | ১.৯৩ | ৫২৫০/- | |
| ২১ | তিলকপুর পুকুর(২২) | তিলকপুর/৮৪ | ০.২৭ | ১০৫০/- | |
| ২২ | দুঘর পুকুর (১) | দুঘর/৯২ | ০.৯৫ | ৩৫০০/- | |
| ২৩ | দুঘর পুকুর (২) | দুঘর/৯২ | ০.৯৯ | ৪৩০৬/- | |
| ২৪ | দুঘর পুকুর (৩) | দুঘর/৯২ | ০.৩৬ | ১১৫৫/- | |
| ২৫ | দুঘর পুকুর (৫) | দুঘর/৯২ | ০.৭১ | ৩৩০০/- | |
| ২৬ | দুঘর পুকুর (৬) | দুঘর/৯২ | ০.২৬ | ১০০০/- | |
| ২৭ | দুঘর পুকুর (১০) | দুঘর/৯২ | ০.৮৫ | ২৫০০/- | |
| ২৮ | দুঘর পুকুর (১১) | দুঘর/৯২ | ০.৫৪ | ১৬৮০/- | |
| ২৯ | দুঘর পুকুর (১২) | দুঘর/৯২ | ০.৩৭ | ১৫০০/- | |
| ৩০ | দুঘর পুকুর (১৪) | দুঘর/৯২ | ০.৩৮ | ১৫০০/- | |
| ৩১ | দুঘর পুকুর (১৭) | দুঘর/৯২ | ১.০২ | ২৫০০/- | |
| ৩২ | জালালপুর পুকুর(১) | জালালপুর/৯২ | ০.২৫ | ১০৫০/- | |
| ৩৩ | উত্তরভাগ পুকুর(২) | উত্তরভাগ /৯৩ | ০.১৩ | ১০০০/- | |
| ৩৪ | উত্তরভাগ পুকুর(৩) | উত্তরভাগ /৯৪ | ০.৮৬ | ৩৫০০/- | |
| ৩৫ | মধ্যভাগ পুকুর (১) | মধ্যভাগ /১০৯ | ১.১৫ | ৪৫০০/- | |
| ৩৬ | মধ্যভাগ পুকুর(২) | মধ্যভাগ /১০৯ | ০.৩৩ | ১৫০০/- | |
| ৩৭ | মধ্যভাগ পুকুর(৪) | মধ্যভাগ /১০৯ | ২.৩০ | ৫২৫০/- | |
| ৩৮ | কাটাবিল পুকুর | কাটাবিল/৯৫ | ২.৮০ | ৮০০০/- | |
| ৩৯ | শ্রীপুর পুকুর (১) | শ্রীপুর/১০৭ | ০.১৭ | ১০০০/- | |
| ৪০ | শ্রীপুর পুকুর (২) | শ্রীপুর/১০৭ | ০.২৫ | ৩৫০০/- | |
| ৪১ | শ্রীপুর পুকুর (৩) | শ্রীপুর/১০৭ | ০.৭৩ | ৩০০০/- | |
| ৪২ | শ্রীপুর পুকুর (৪) | শ্রীপুর/১০৭ | ০.৩৮ | ২০০০/- | |
| ৪৩ | শ্রীপুর পুকুর (৫) | শ্রীপুর/১০৭ | ০.১৭ | ১০০০/- | |
| ৪৪ | শ্রীপুর পুকুর (৬) | শ্রীপুর/১০৭ | ০.৩৯ | ১০০০/- | |
| ৪৫ | শ্রীপুর পুকুর (৭) | শ্রীপুর/১০৭ | ০.২০ | ১০০০/- | |
| ৪৬ | শ্রীপুর পুকুর (৮) | শ্রীপুর/১০৭ | ০.২২ | ১৫০০/- | |
| ৪৭ | শ্রীপুর পুকুর (৯) | শ্রীপুর/১০৭ | ০.১৬ | ১০০০/- | |
| ৪৮ | শ্রীপুর পুকুর (১০) | শ্রীপুর/১০৭ | ০.২৬ | ১০০/- | |
| ৪৯ | শ্রীপুর পুকুর (১১) | শ্রীপুর/১০৭ | ০.৬০ | ৩৭০৪/- | |
| ৫০ | শ্রীপুর পুকুর (১৩) | শ্রীপুর/১০৭ | ০.২৪ | ১০০০/- | |
| ৫১ | শ্রীপুর পুকুর (১৪) | শ্রীপুর/১০৭ | ০.১৮ | ১০০০/- | |
| ৫২ | শ্রীপুর পুকুর (১৫) | শ্রীপুর/১০৭ | ০.২৮ | ১৫০০/- | |
| ৫৩ | শ্রীপুর পুকুর (১৬) | শ্রীপুর/১০৭ | ১.১৩ | ৫০০০/- | |

| ক্র: নং | জলমহালের নাম | মৌজা ও জে এল নং | পরিমাণ (একরে) | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫৪ | শ্রীপুর পুকুর (১৭) | শ্রীপুর/১০৭ | ০.৮৮ | ৩০০০/- | |
| ৫৫ | শ্রীপুর পুকুর (১৮) | শ্রীপুর/১০৭ | ০.১৩ | ১০০০/- | |
| ৫৬ | শ্রীপুর পুকুর (১৯) | শ্রীপুর/১০৭ | ০.২১ | ১০০০/- | |
| ৫৭ | শ্রীপুর পুকুর (২০) | শ্রীপুর/১০৭ | ০.১৯ | ১০০০/- | |
| ৫৮ | শ্রীপুর পুকুর (২১) | শ্রীপুর/১০৭ | ১.০৪ | ৫২৫০/- | |
| ৫৯ | শ্রীপুর পুকুর (২২) | শ্রীপুর/১০৭ | ০.২৩ | ১০০০/- | |
| ৬০ | শ্রীপুর পুকুর (২৩) | শ্রীপুর/১০৭ | ০.২৯ | ১০০০/- | |
| ৬১ | শ্রীপুর পুকুর (২৪) | গোলের হাওর/১১০ | ০.৩৯ | ১০০০/- | |
| ৬২ | গোলের হাওর পুকুর (১) | গোলের হাওর/১১০ | ০.২৪ | ১০০০/- | |
| ৬৩ | গোলের হাওর পুকুর (২) | গোলের হাওর/১১০ | ০.৪৭ | ১০৫০/- | |
| ৬৪ | গোলের হাওর পুকুর (৩) | গোলের হাওর/১১০ | ১.১৫ | ৪২০০/- | |
| ৬৫ | গোলের হাওর পুকুর (৪) | গোলের হাওর/১১০ | ১.১৪ | ৪৬৩১/- | |
| ৬৬ | গোলের হাওর পুকুর (৭) | গোলের হাওর/১১০ | ০.৬৫ | ২০০০/- | |
| ৬৭ | গোলের হাওর পুকুর (৮) | গোলের হাওর/১১০ | ১.২৫ | ৫৬৭৩/- | |
| ৬৮ | গোলের হাওর পুকুর (৯) | গোলের হাওর/১১০ | ০.৩৫ | ১০৫০/- | |
| ৬৯ | গোলের হাওর পুকুর (১০) | গোলের হাওর/১১০ | ০.৭০ | ২১০০/- | |
| ৭০ | গোলের হাওর পুকুর (১১) | গোলের হাওর/১১০ | ০.৪১ | ১৫০০/- | |
| ৭১ | গোলের হাওর পুকুর (১২) | গোলের হাওর/১১০ | ০.৪৫ | ১৫০০/- | |
| ৭২ | গোলের হাওর পুকুর(১৪) | গোলের হাওর/১১০ | ৩.৪২ | ১০৫০০/- | |
| ৭৩ | ইসলামাবাদ পুকুর(১) | ইসলামাবাদ/১১০ | ০.১৯ | ১০০/- | |
| ৭৪ | ইসলামাবাদ পুকুর(৩) | ইসলামাবাদ/১১০ | ০.৪৫ | ১৫০০/- | |
| ৭৫ | ইসলামাবাদ পুকুর(৪) | ইসলামাবাদ/১১০ | ০.০৯ | ১০০০/- | |
| ৭৬ | তিলকপুর চক পুকুর (৩) | তিলকপুর চক/৮৬ | ০.৪২ | ১০০০/- | |
| ৭৭ | মোকাবিল পুকুর (১) | মোকাবিল/১০৫ | ০.৪১ | ১০৫০/- | |
| ৭৮ | মোকাবিল পুকুর (৩) | মোকাবিল/১০৫ | ০.৪১ | ১৫০০/- | |
| ৭৯ | মোকাবিল পুকুর (৪) | মোকাবিল/১০৫ | ০.২০ | ১০০০/- | |
| ৮০ | মোকাবিল পুকুর (৬) | মোকাবিল/১০৫ | ০.৩৬ | ১১০০/- | |
| ৮১ | মোকাবিল পুকুর (৭) | মোকাবিল/১০৫ | ০.৫৩ | ২০০০/- | |
| ৮২ | মোকাবিল পুকুর (৮) | মোকাবিল/১০৫ | ০.৯২ | ৪০০০/- | |
| ৮৩ | কাঠালকান্দি পুকুর | কাঠালকান্দি/১০৯ | ০.৭৫ | ৩০০০/- | |

(মোঃ আসাদুজ্জামান)
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

## শর্তাবলী/নিয়মাবলী:

১. জলমহাল সমূহ কেবল নিবন্ধিত (সমবায়/সমাজসেবা অধিদপ্তর) কর্তৃক নিবন্ধিত সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে। কোন অবস্থাতেই ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

২. সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট নিবন্ধন কর্তৃপক্ষ প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ০২ (দুই) বৎসরের অডিট রিপোর্ট ও দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণের প্রয়োজন হবেনা।

৩. আবেদনপত্রের সাথে সমবায় সমিতি তাদের নির্বাহী সদস্য/সাধারণ সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

৪. আবেদনপত্রের সাথে প্রাপ্ত সদস্যদের তালিকা যাচাই-বাছাইয়ের ভিত্তিতে প্রকৃত মৎস্যজীবী সদস্য হিসেবে প্রমাণিত হতে হবে।

৫. সরকার নির্ধারিত ইজারামূল্য অপেক্ষা কম মূল্যে কোন জলমহাল ইজারা দেয়া হবে না।

৬. আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্ধারিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। তাছাড়া আবেদনকারী সংগঠন/সমিতি ০৩ (তিন) বৎসর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। কোন আবেদন অসম্পূর্ন হলে তা বাতিলযোগ্য হবে।

৭. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/নিবন্ধিত সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

৮. মৎস্যজীবী স্থানীয় সংগঠনগুলোর মধ্যে যে সংগঠন/সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী সে সকল প্রকৃত মৎস্যজীবী/বর্ণিত সমিতি সংগঠনকে অগ্রাধিকার প্রদান করা হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি পাওয়া না যায়, তবে সেক্ষেত্রে পার্শ্ববর্তী মৎস্যজীবি সংগঠন/সমিতিকে বিবেচনা করা হবে।

৯. মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই-বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১০. আবেদনপত্রের সাথে ধার্যকৃত সরকারি মূল্যের উপর ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। অকৃতকার্য এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

১১. অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপির সাথে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং ধার্যকৃত সরকারি মূল্যের উপর ২০% জামানত বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করে মুখবন্ধ খামে নির্ধারিত সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

১২. সময়মতো লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে লীজ বাতিল করে পুনরায় তা লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। আবেদিত জলমহালটি অনুমোদিত হওয়ার পর ইজারামূল্যের সাথে সরকার নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর জমা প্রদান করতে হবে।

১৩. জলমহাল বন্দোবস্ত গ্রহীতা সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য আবেদনের সাথে দাখিল করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার কিংবা তার প্রতিনিধি সময়ে সময়ে জলমহালগুলোর ব্যবস্থাপনা সরেজমিন পরিদর্শন করবেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. লীজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করা হয় তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজ মানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৫. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১৬. ২য় বছরের সম্পূর্ন ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অনুরুপভাবে ৩য় বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিলপূর্বক জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৭. জলমহালের ইজারা মেয়াদ ১লা বৈশাখ হতে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে এবং ৩য় বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। ইজারা হওয়ার পরবর্তী সময়ের মধ্যে যদি কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারী খাতে জমা হবে, ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন তা পাবে না।

১৮. ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতা কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার,স্বত্ব, ও দখল সয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

১৯. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে, জলমহালে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না।

২০. কোন জলমহাল নিয়ে বিজ্ঞ আদালতের কোনরুপ নির্দেশনা থাকলে তা প্রতিপালিত হবে।

২১. বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

২২. যে সকল জলমহাল থেকে কৃষি জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। ইজারাকৃত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।কোন অবস্থাতেই তা শুকিয়ে মৎস্য আহরন করা যাবেনা।

২৩. বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলমহাল সংলগ্ন প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদারের অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২৪. ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। বন্দোবস্থ গ্রহীতা সরকারী জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জাল দ্বারা বা মৎস্য আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য স্বীকার করতে পারবে না।

২৫. জলমহাল সমূহের তীরবর্তী সরকারী ভূমিতে পরিবেশ বান্ধব করচগাছ রোপন করতে হবে। যা মাছের নিরাপদ আশ্রয় ভূমি হিসেবে গণ্য হবে।

২৬. বর্তমান প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন বন্দোবস্ত গ্রহীতা মানতে বাধ্য থাকবেন।

২৭. জলমহাল বন্দোবস্ত সম্পর্কিত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ থেকে অফিস চলাকালীন জানা যাবে।

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮৫৬.০০৪.০২.০২৬.২৪-

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

অনুলিপি : সদয় অবগতির জন্য-

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩. জেলা প্রশাসক, মৌলভীবাজার
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার
৫. উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা/জুড়ী/কুলাউড়া/মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমঙ্গাল মৌলভীবাজার
৬. প্রশাসক, কমলগঞ্জ পৌরসভা, কমলগঞ্জ, মৌলভীবাজার (বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৭. সহকারী কমিশনার(ভূমি), কমলগঞ্জ, মৌলভীবাজার (জ্ঞাতার্থে ও কার্যার্থে)
৮. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার (অবগতি ও বহুল প্রচারের জন্য)
৯. চেয়ারম্যান,.......................................ইউনিয়ন পরিষদ (সকল), কমলগঞ্জ (অবগতি ও বহুল প্রচারের জন্য)
১০. উপজেলা...................................কর্মকর্তা (সকল ), কমলগঞ্জ, মৌলভীবাজার (অবগতি ও বহুল প্রচারের জন্য)
১১. উপজেলা সমাজসেবা/সমবায় কর্মকর্তা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কমলগঞ্জ, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি সকল মৎস্যজীবি সমবায় সমিতিকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস.....................(সকল), কমলগঞ্জ, মৌলভীবাজার (অবগতি ও বহুল প্রচারের জন্য)
১৩. সম্পাদক, দৈনিক ---------------------- (বিজ্ঞপ্তিটি শর্তাবলী ব্যতীত স্বল্প পরিসরে আগামী ০৫/০১/২০২৬ খ্রি: তারিখের মধ্যে ভিতরের পাতায় ১ (এক) বার প্রকাশপূর্বক ০৩ প্রস্থ বিল ও পাঁচ কপি পত্রিকা অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৪. জনাব/বেগম...............................................................................................কমলগঞ্জ, মৌলভীবাজার
১৫. নোটিশ বোর্ড/অত্রাফিস

০৫/০১/২৬

আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।